

৫.৩ হাটবাজারের চান্দিনাভিটি লিজ গ্রহীতা বা ব্যবহারের অনুমোদন গ্রহীতার নাম পরিবর্তনসহ নবায়ন:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

আবেদনপ্রাপ্তির পর সরজমিন তদন্ত এবং রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন দাখিলের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ এবং শুনানির জন্য তারিখ ধার্য করে পক্ষগণকে নোটিশ প্রদান করা হয়। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন যাচাই, শুনানি গ্রহণ এবং রেকর্ডপত্র যাচাই অন্তে তা অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর প্রেরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক পরীক্ষান্তে সুপারিশসহ নথি উপস্থাপন এবং জেলা প্রশাসক কর্তৃক তা অনুমোদিত হয় এবং অনুমোদিত নথি উপজেলা ভূমি অফিসে প্রেরণ। অতঃপর লিজমানি পরিশোধের জন্য লিজগ্রহীতাকে পত্র প্রদান করা হয়। লিজমানি পরিশোধের পর লিজগ্রহীতাকে নাম পরিবর্তনসংক্রান্ত কাগজপত্র প্রদান করা হয় ও নথিতে সংরক্ষণ করা হয়।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ২০-২৫ দিন

প্রয়োজনীয় ফি:

- ১। আবেদন ফি- ২০/- টাকা; ২। প্রসেস জারি ফি-৫০/- টাকা।
- প্রতি বর্গমিটার (অনুমোদনের পর লিজ মানির পরিমাণ)-**
- ১। সিটি কর্পোরেশন ও বিভাগীয় সদরভুক্ত এলাকায়- ২০০০/- টাকা;
 - ২। জেলা সদর এলাকায় – ৫০০/- টাকা;
 - ৩। জেলা সদর ব্যতিত পৌর এলাকায়- ২০০/- টাকা;
 - ৪। উপজেলা সদর এলাকায় ১০০/- টাকা; এবং
 - ৫। অন্যান্য ৫০/- টাকা।

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী:

- ১। জেলা প্রশাসক / অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব); ২। উপজেলা নির্বাহী অফিসার; ৩। সহকারী কমিশনার (ভূমি); ৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদনপত্র;
- ২। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- ৩। প্রয়োজনীয় ক্ষেত্রে অনাপত্তিপত্র এর কপি;
- ৪। NID-এর কপি;
- ৫। আবেদনকারির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।
- ৬। নাম পরিবর্তনের কারণ সংশ্লিষ্ট কাগজপত্র
- ৭। লিজগ্রহীতার মৃত্যু হলে এবং আবেদনকারীগণ তার ওয়ারিশ হলে ওয়ারিশ সনদ
- ৮। একাধিক ওয়ারিশের মধ্যে একজন আবেদন করলে অন্যদের অনাপত্তিপত্র

সেবা প্রাপ্তির শর্তাবলি:

- ১। জমি হাটবাজারের পেরিফেরিভুক্ত এবং অনুমোদিত চান্দিনাভিটি হতে হবে;
- ২। আবেদনকারীকে প্রকৃত ব্যবসায়ী হতে হবে;
- ৩। আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে;
- ৪। একই পরিবারে একজনের বেশি আবেদন করতে পারবে না;
- ৫। একই পরিবারের অন্য কেউ এর পূর্বে চান্দিনাভিটি বন্দোবস্ত পেয়ে থাকলে আবেদন গ্রহণযোগ্য হবেনা;
- ৬। অর্ধ-শতকের বেশি জমি বন্দোবস্ত দেওয়া যাবে না

সংশ্লিষ্ট আইন ও বিধি:

১. হাটবাজারের সরকারি খাস জমি বন্দোবস্তসংক্রান্ত, ১৯৯৫ সালের সার্কুলার ও তৎপরবর্তী সার্কুলার
২. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা:

জেলা প্রশাসক /অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

সেবার নাম: হাটবাজারের চান্দিনাভিটি ভূমি ব্যবহারের লাইসেন্সধারীর নাম পরিবর্তনসহ নবায়ন

ধাপ সংখ্যা: ১১ টি
সম্পৃক্ত জনবল: ৫-৬ জন
সময়: ২০-২৫ কার্যদিবস

